# মার্কিন চাপের কাছে মাথা নত করবে না তেহরান: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের কাছে ইরান আত্মসমর্পণ করবে না বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে তিনি বলেন, যুক্তরাষ্ট্র নিজেদের যোদ্ধা মনে করলে ইরানের সাহসী সেনাবাহিনীর সঙ্গে লড়াই করা উচিত। বেসামরিক স্থাপনা, খাদ্য ও মানুষের জীবিকা কেন হামলার লক্ষ্য হচ্ছে, সে প্রশ্নও তোলেন তিনি।

পেজেশকিয়ান বলেন, মানুষের মধ্যে ভয় তৈরি করে বা চাপ দিয়ে ইরানকে আত্মসমর্পণ করানো যাবে না। ইরানের জনগণকে ভয় দেখিয়ে নত করা সম্ভব নয় বলেও মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, বেসামরিক মানুষকে পানি, খাবার ও ওষুধ থেকে বঞ্চিত করার কারণ কী, সেটিও যুক্তরাষ্ট্রকে ব্যাখ্যা করতে হবে।

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান সংঘাতের মধ্যেই ইরানি প্রেসিডেন্টের এই বক্তব্য সামনে এলো। এতে সংঘাত নিয়ে তেহরানের অনড় অবস্থানই প্রকাশ পেয়েছে।